



বুয়েটে ভর্তি পরীক্ষা আজ ॥ আন্দোলন স্থগিত করায় শিক্ষার্থীদের ধন্যবাদ

প্রকাশিত: ১৪ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

- হলে অবৈধ ৯০ ভাগ শিক্ষার্থী উচ্ছেদ

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) নতুন শিক্ষাবর্ষে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা আজ সোমবার সকাল নয়টায়। এদিকে পরীক্ষার জন্য আন্দোলন স্থগিত করায় শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. সাইফুল ইসলাম। তিনি বলেন, সফট উত্তরণে প্রধানমন্ত্রী সবচেয়ে বড় ভূমিকা রেখেছেন। অপরদিকে হলগুলোতে অবৈধ অবস্থানকারী ৯০ ভাগ শিক্ষার্থীকে উচ্ছেদ করা হয়েছে বলে জানিয়েছেন ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. মিজানুর রহমান।

পরীক্ষার আগে রবিবার সকালে সাংবাদিকদের সঙ্গে কথা বলেছেন উপাচার্য ও ছাত্রকল্যাণ পরিচালক। এর আগে পরীক্ষার জন্য গত ৩১ আগস্ট সকাল থেকে অনলাইন আবেদন প্রক্রিয়া শুরু হয়। ৯ সেপ্টেম্বর আবেদন প্রক্রিয়া শেষ হয়। ১২টি বিভাগে এবার প্রথম বর্ষে মোট এক হাজার ৬০ শিক্ষার্থী ভর্তি করবে বুয়েট। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.buet.ac.bd) পাওয়া যাচ্ছে। ভর্তি পরীক্ষার সার্বিক বিষয় নিয়ে রবিবার গণমাধ্যমের সঙ্গে কথা বলেছেন বুয়েটের উপাচার্য অধ্যাপক ড. সাইফুল ইসলাম।

ভর্তি পরীক্ষার প্রস্তুতি প্রসঙ্গে জানতে চাইলে ভিসি বলেন, আমাদের অন্যান্য বারের মতোই কিন্তু প্রস্তুতি। আমাদের আজকে যে ভর্তি পরীক্ষার আয়োজন, এ আয়োজন করার পেছনে যে অসুবিধাগুলো ছিল, সে অসুবিধা দূর করার ব্যাপারে আমাদের শিক্ষামন্ত্রী, শিক্ষা উপমন্ত্রীর অবদান অনেক। তবে প্রধানমন্ত্রী সবচেয়ে বড় ভূমিকা রেখেছেন আমাদের এসব কিছু উত্তরণ করার জন্য।

পরীক্ষার্থীদের কষ্ট লাঘবের চেষ্টা করা হয়েছে জানিয়ে তিনি বলেন, আজকে মূল জিনিসটা হচ্ছে পরীক্ষা নেয়া। এতজন ছাত্র আসবে দেশের বিভিন্ন প্রত্যন্ত অঞ্চল থেকে। তারা এসে যেন কষ্ট না পায় এবং পরীক্ষা দিয়ে যেন যেতে পারে তার জন্য আমরা চেষ্টা করেছি।

আন্দোলন স্থগিত করায় শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, আমাদের ছাত্র ভাইদেরও ধন্যবাদ জানাই। তারা যে অবস্থার মতো ছিল তারপরও যে বুঝেছে এটা আমাদের একটা প্রেস্টিজের ব্যাপার। আমরা এই ভর্তি পরীক্ষার আয়োজন করে পরীক্ষা নিতে পারছি আজকে তাদের সহযোগিতায়।

সাইফুল ইসলাম বলেন, তারা প্রথমে রাজি ছিল না। তারপরও তারা বুঝতে পেরেছে। এজন্য তাদের অসংখ্য ধন্যবাদ জানাই। তাদের আল্লাহ তায়াল্লা বুঝ দিয়েছেন, এজন্য আমি খুশি এবং তাদের প্রতি আমার অনেক স্নেহ ও মমতা রইল।

আন্দোলনরত শিক্ষার্থীরা বুয়েট ভর্তি পরীক্ষার পরও আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন। তাদের ক্লাসে ও পরীক্ষায় ফেরানোর জন্য কিছু করছেন কিনা জানতে চাইলে তিনি বলেন, আমরা তাদের সঙ্গে কথা বলব। ভর্তি পরীক্ষা নেয়ার ব্যাপারে এই মুহূর্তে আমরা কনসেনট্রেন্ট করছি। আমরা এটা (পরীক্ষা) শেষ করে নেই। কারণ আমাদের অনেক বড় কাজ। এরপর খাতা দেখার কাজ। সব কাজেই আশা করি তারা সহযোগিতা করবে।

হলগুলোতে অবৈধভাবে অবস্থানকারী ৯০ ভাগ শিক্ষার্থীকে উচ্ছেদ করা হয়েছে বলে জানিয়েছেন বুয়েটের ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. মিজানুর রহমান। তিনি বলেছেন, সব প্রভোস্টরা শনিবার থেকে অবৈধদের উচ্ছেদের কাজ শুরু করেছেন। প্রায় ৯০ ভাগ ছাত্র যারা অবৈধভাবে ছিলেন তাদের সিট ফাঁকা করা হয়েছে। বাকিগুলোও শীঘ্রই ফাঁকা হয়ে যাবে। ছাত্রকল্যাণ পরিদফতরের সামনে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।

ড. মিজানুর রহমান বলেন, শনিবার হলের কয়েকটি রুম সিলগালা করা হয়েছে। হলগুলোতে বৈধ ছাত্রদের থাকার জন্য নির্দিষ্ট সময় রয়েছে, এরপর কেউ হলে থাকলে সে অবৈধ। ৯ টার্ম একজন ছাত্র হলে থাকতে পারেন। আর পোস্ট গ্রাজুয়েটদের জন্য একটি হল রয়েছে, সেখানে চার টার্ম থাকা যায়। প্রভোস্ট অনুমতি দিলে ছয় টার্ম পর্যন্ত অবস্থান করতে পারেন।

বুয়েট ছাত্রকল্যাণ পরিচালক বলেন, হলগুলোতে নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে গত দুদিনে আমরা বেশ কিছু পদক্ষেপ নিয়েছি। আবরার হত্যা মামলার এজাহারভুক্ত অধিকাংশ আসামি গ্রেফতার হয়েছে। সরকার এ বিষয়ে খুবই সিরিয়াস। তদন্তও দ্রুত গতিতে এগিয়ে চলছে। আশা করি, আন্দোলনরত শিক্ষার্থীদের আস্থা ফিরে আসবে।

একাডেমিক কার্যক্রমের বিষয়ে তিনি বলেন, আমাদের ক্লাস চলছিল না। ১৯ তারিখ থেকে টার্ম ফাইনাল হওয়ার কথা ছিল। কিন্তু হয়ত সেই তারিখে পরীক্ষা নেয়া সম্ভব হবে না। আমাদের একাডেমিক কাউন্সিলের মিটিং করে আরেকটি তারিখ নির্ধারণ করা হবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্র: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com